

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নদী সেল শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০০৫.৩১.০০২.১৮-১২১

তারিখঃ ২২-০৭-২০১৯খ্রীঃ

বিষয়ঃ নদী রক্ষায় অবদানের জন্য 'বঙ্গবন্ধু নদীপদক' প্রদানের জন্য মনোনয়ন প্রসংগে।


বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত নদ-নদীকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, নদী দখলরোধ, শিল্প কারখানা কর্তৃক সৃষ্ট বর্জ্য এর দূষণরোধ, পরিবেশ দূষণরোধ, নদীর তীরে ও অভ্যন্তরে অবৈধ কাঠামো নির্মাণসহ নদী ভরাটরোধ, নদীর স্বাভাবিক গতি প্রবাহ রক্ষা কাজে সহায়তাদান, নদীকে নৌচলাচলে উপযোগী করে নদীর বহুমাত্রিক ব্যবহার নিশ্চিত করা এবং নদীকে দূষণ-অবৈধ দখল-ভরাটমুক্ত করে স্বাভাবিক রূপে ফিরিয়ে আনার বিষয়ে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য নিয়োজিত প্রতিষ্ঠান/ব্যক্তিকে পদক প্রদানের মাধ্যমে উৎসাহিত করা হবে। এ লক্ষ্যে নদী রক্ষায় 'বঙ্গবন্ধু নদীপদক' জাতীয় পর্যায়ে ব্যক্তি/সরকারি প্রতিষ্ঠান/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থাকে বিশেষ অবদানের জন্য ১৮ (আঠার) ক্যারেট মানের ৫০ গ্রাম ওজনের স্বর্ণপদক, নগদ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ও সার্টিফিকেট এবং বিভাগীয় পর্যায়ে ব্যক্তি/সরকারি প্রতিষ্ঠান/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থাকে বিশেষ অবদানের জন্য ১৮ (আঠারো) ক্যারেট মানের ৩০ গ্রাম ওজনের স্বর্ণপদক, নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও সার্টিফিকেট প্রদান করা হবে।

নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী প্রস্তাবনা পরীক্ষা ও মূল্যায়ন করে পরবর্তী ধাপে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্মসূচি	নির্ধারিত সময়সীমা
(ক) উপজেলা/জেলা পর্যায়ের কমিটিতে আবেদন গ্রহণ	- ০৪ আগস্ট, ২০১৯
(খ) উপজেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ	- ০৮ আগস্ট, ২০১৯
(গ) জেলা কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	- ১৯ আগস্ট, ২০১৯
(ঘ) বিভাগীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	- ২৫ আগস্ট, ২০১৯
(ঙ) বিভাগীয় কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন সুপারিশ প্রেরণ	- ২৭ আগস্ট, ২০১৯
(চ) জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	- ১১ সেপ্টেম্বর, ২০১৯

আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিকে উপজেলা, জেলা অথবা নৌপরিবহন মন্ত্রণালয়ের ওয়েব সাইট হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে আগামী ০৪-০৮-২০১৯ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদন পত্র জমা দিতে হবে।

সংযুক্তঃ 'বঙ্গবন্ধু নদীপদক নির্দেশাবলি-২০১৯'


কাজী নজরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৭০৬৪৫

বিতরণঃ কার্যার্থে

- ১। বিভাগীয় কমিশনার.....
- ২। জেলা প্রশাসক.....
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।